দৈনিক
আমাদের সময়

02 SEP 2016

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ

# আগামীকাল দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদবিরোধী সভা

নিজস্ব প্রতিবেদক ● আগামীকাল শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ সব শিক্ষা প্রতিষ্ঠানকে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সভার আয়োজন করতে বলা হয়েছে। এ কার্যক্রম বাস্তবায়নে সার্বিক উদ্যোগ গ্রহণের জন্য প্রতিষ্ঠানপ্রধানদের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মো. আখতার উজ-জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে গতকাল বৃহস্পতিবার দুপুরে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, অনুষ্ঠেয় সভায় জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সচেতনতা সৃষ্টি এবং শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আলোচনা করতে হবে। একই সঙ্গে প্রতিষ্ঠানগুলোতে শিক্ষাবান্ধব পরিবেশ তৈরিতে নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠান ও খেলাধুলার আয়োজন, স্কাউটিং ও গার্লস গাইড কার্যক্রম বৃদ্ধি করার বিষয়েও আলোচনায় আলোকপাত করতে হবে। সভায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সব শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক, সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তি, কমিউনিটি লিডার, ইমাম ছাড়াও গণমাধ্যম প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।